

আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরে  
সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন

আজ ১৮ মে। আন্তর্জাতিক জাদুঘর দিবস। প্রতি বছরই এরকম ভিন্ন ভিন্ন বিষয়কে কেন্দ্র করে জাদুঘর বিষয়ক আন্তর্জাতিক সংস্থা International Council of Museums (ICOM) সারা বিশ্বে পালন করে এই দিবসটি। International Council of Museums (ICOM) এই বছরের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করেছে: *The Power of Museums* বাংলায় ‘জাদুঘরের ক্ষমতা’। সংস্থাটি ১৯৭৭ সালে প্রথম এই দিবসটির সূচনা করে। আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করেছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বর্ণাঢ্য র্যালির মাধ্যমে অনুষ্ঠানমালার উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। র্যালি শেষে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। অনুষ্ঠানে ছিলেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবুল মনসুর। স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্যদ –এর সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন রবীন্দ্রসংগীত শিল্পী অনিমা রায় এবং নজরুল ও আধুনিক শিল্পী প্রিয়াঙ্কা গোপ। এছাড়াও জাদুঘর শিল্পী গোষ্ঠী সংগীত ও নৃত্য পরিবেশন করেন।

উল্লিখিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশ/ প্রচার করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক

ঢাকা।